# বাংলাদেশ বিষয়াবলি প্রশ্ন সলভ – ০২

Salsabil Rashid Shoshi

# ব্রিটিশ আমল

## ০১. পলাশীর যুদ্ধ সংঘটিত হয় ১৭৫৭ সালের—

ক) ২২ জুন

খ) ২৩ জুন

গ) ২৪ জুন

ঘ) ২১ জুন

- বাংলার শেষ স্বাধীন নবাব সিরাজউদ্দৌলার ও ফরাসি মিত্রদের সাথে ব্রিটিশ ইস্ট ইন্ডিয়া কোম্পানির পলাশী নামক স্থানে যে যুদ্ধ সংঘটিত হয়েছিল তাই পলাশীর যুদ্ধ নামে পরিচিত।
- ১৭৫৭ সালের জুন ২৩ তারিখে এই যুদ্ধ সংঘটিত হয়েছিল।

# ০২. 'ছিয়াত্তরের মন্বন্তর' নামক ভয়াবহ দুর্ভিক্ষ কত সালে ঘটে?

ক) বাংলা ১০৭৬ সালে

খ) বাংলা ১১৭৬ সালে

গ) বাংলা ১৩৭৬ সালে

ঘ) বাংলা ১২৭৬ সালে

- ছিয়াত্তরের মন্বন্তর বাংলার ইতিহাসে সর্বাপেক্ষা ভয়াবহ দুর্ভিক্ষ নামে পরিচিত। ১১৭৬ বঙ্গাব্দে (খ্রি. ১৭৭০) এই দুর্ভিক্ষ হয়েছিল বলে একে 'ছিয়াত্তরের মন্বন্তর' বলা হয়।

# ০৩. ব্রিটিশ শাসনের বিরুদ্ধে বাঙালিদের প্রথম বিদ্রোহের নাম-

ক) সাঁওতাল বিদ্রোহ

খ) নীল বিদ্রোহ

গ) সিপাহি বিদ্রোহ

ঘ) ফকির ও সন্ন্যাসী বিদ্রোহ

- **ফকির-সন্ন্যাসী বিদ্রোহ** বলতে মূলত আঠারো শতকের শেষের দিকে (১৭৬০-১৮০০ খ্রিস্টাব্দ) বাংলাতে **ফকির ও সন্ন্যাসী** বা মুসলিম ও হিন্দু তাপসদের তৎকালীন ব্রিটিশ শাসন বিরোধী আন্দোলনকে বোঝানো হয়ে থাকে। **ফকির-সন্ন্যাসী বিদ্রোহের** প্রধান নেতা ছিলেন মাদারিপন্থী পীর মজনু শাহ।

# ০৪. কত সালে নীল কমিশন গঠন করা হয়?

ক) ১৮৬১

খ) ১৮৫৭

গ) ১৮৪৫

ঘ) ১৮৮২

- দীনবন্ধু মিত্রের লেখা 'নীল দর্পণ' নাটকের কাহিনি চারদিকে ছড়িয়ে পড়ে। শেষ পর্যন্ত ১৮৬০ খ্রিস্টাব্দে ব্রিটিশ সরকার নীল কমিশন গঠন করে। এ কমিশনের সুপারিশে নীল চাষকে কৃষকের ইচ্ছাধীন বলে ঘোষণা করা হয়। ফলে বাংলার কৃষকদের বিজয় অর্জিত হয়। উত্তরে ১৮৬০ না থাকলে ১৮৬১ দিবেন।

# ০৫. সতীদাহ প্রথা বিলুপ্ত হয়-

- ক) ১৭২৯ সালে খ) ১৮৩০ সালে
- গ) ১৮৩৯ সালে ঘ) ১৮২৯ সালে
- সমাজ সংস্কারক রাজা রামমোহন রায়ের প্রত্যক্ষ সহযোগিতায় লর্ড বেন্টিংক কর্তৃক ১৮২৯ সালের ৪ ডিসেম্বর আইন করে সতীদাহ প্রথা রহিত করার মাধ্যমে হিন্দু সমাজে বিধবাদের মৌলিক ও সামাজিক অধিকার প্রতিষ্ঠিত হয়।

# ০৬. শেষ মুঘল সম্রাট বাহাদুর শাহের কবর কোথায়?

- ক) লাহোর
- খ) আগ্রা
- গ) দিল্লি
- ঘ) ইয়াংগুন
- ২৯ মার্চ, ১৮৫৭ ভারতীয় উপমহাদেশে সিপাহী বিদ্রোহ সংঘটিত হয়। ইংরেজ সরকার বিদ্রোহের পর ১৮৫৮ সালে মুঘল সম্রাট দ্বিতীয় বাহাদুর শাহকে রেঙ্গুনে বা ইয়াঙ্গুনে নির্বাচনে দেয়। তিনি নির্বাসনে থাকা অবস্থায় মারা গেলে তাকে সেখানেই সমাহিত করা হয়।

# ০৭. বিখ্যাত লাহোর রেজুলেশন ১৯৪০ সালে কে উপস্থাপন করেন?

- ক) হোসেন শহীদ সোহরাওয়ার্দী
- খ) মওলানা ভাসানী
- **গ) এ কে ফজলুল হক**
- ঘ) মোহাম্মদ আলী জিন্নাহ্
- **লাহোর প্রস্তাব** বা **পাকিস্তান প্রস্তাব**, যাকে **পাকিস্তানের স্বাধীনতার ঘোষণা**ও বলা হয়, তা হচ্ছে ভারতীয় উপমহাদেশে বসবাসকারী মুসলিমদের জন্য একটি পৃথক রাষ্ট্রের দাবী জানিয়ে উত্থাপিত প্রস্তাবনা।
- শেরে বাংলা এ কে ফজলুল হক ঐতিহাসিক লাহোর প্রস্তাবটি মুসলিম লীগের পক্ষ থেকে উপস্থাপন করেন।

## ০৮. উপমহাদেশের সর্বশেষ গভর্নর জেনারেল কে ছিলেন?

- ক) লর্ড মিন্টো
- খ) লর্ড কার্জন
- গ) লর্ড মাউন্টব্যাটেন
- ঘ) লর্ড ওয়াভেল

- উপমহাদেশের সর্বশেষ গভর্নর জেনারেল ছিলেন লর্ড মাউন্টব্যাটেন।
- লর্ড লুই মাউন্টব্যাটেন (২৫ জুন ১৯০০–২৭ আগস্ট ১৯৭৯) ব্রিটিশ নৌ বাহিনী অফিসার ও রানী দ্বিতীয় এলিজাবেথ - এর স্বামী প্রিন্স ফিলিপের মামা। ব্রিটিশ রাজপরিবারের সঙ্গে তার সম্পর্ক ছিল।

## ০৯. সরকারি ভাষা হিসেবে এদেশে ইংরেজির ব্যবহার শুরু হয় কোন সন থেকে?

- ক) ১৭৬৫ খ) ১৮২৪
- গ) ১৮৩৫ ঘ) ১৮৫৭
- সরকারী ভাষা হিসেবে এদেশে ইংরেজির ব্যবহার শুরু হয় ১৮৩৫ সন থেকে।
- ১৮শ শতক থেকে ২০শ শতক পর্যন্ত বিশ্বের নানা প্রান্তে ইংরেজরা উপনিবেশ গড়ে তুললে এবং মার্কিন যুক্তরাষ্ট্র পরাশক্তি হয়ে উঠলে, ইংরেজি বিশ্বের লিঙ্গুয়া ফ্রাঙ্কায় পরিণত হয় ২০শ শতকের মধ্যভাগে এসে।

# ১০. কে মুসলিম লীগ প্রতিষ্ঠা করেন?

- ক) মওলানা ভাসানী
- খ) সৈয়দ আমীর আলী
- গ) হাজী মুহম্মদ মুহসীন
- ঘ) নওয়াব সলিমুল্লাহ
- ১৯০৬ সালের ৩০ ডিসেম্বর ঢাকায় মুসলিম লীগ প্রতিষ্ঠিত হয়। মুসলিম লীগের প্রকৃত নাম ছিল 'নিখিল ভারত মুসলিম লীগ’
- মুসলিম লীগ গঠনের প্রধান উদ্যোক্তা ছিলেন নবাব সলিমুল্লাহ, আগা খান এবং নওয়াব ভিকার - উল - মূলুক।

## ১১. সতীদাহ প্রথা রহিতকরণ আইন পাশ করেন কে?

- ক) লর্ড ক্যানিং
- খ) লর্ড বেন্টিঙ্ক
- গ) লর্ড রিপন
- ঘ) লর্ড কার্জন





# ১২. ব্রিটিশ আমলে বাংলাদেশে যেসব আন্দোলন হয়েছিল তার মধ্যে কোনটি প্রধান?

- ক) কোরাইশী আন্দোলন খ) হাসেমী আন্দোলন
- গ) সৈয়দ আন্দোলন **ঘ) ফরায়েজী আন্দোলন**
- ফরায়েজি আন্দোলন অর্থ ফরজ পালনের জন্য আন্দোলন। হাজী শরীয়তউল্লাহ ১৮১৮ সালে ফরায়েজি আন্দোলন শুরু করেন। ১৮৪০ সালে হাজী শরীয়তউল্লাহর মৃত্যু হলে ফরায়েজি আন্দোলনের নেতৃত্ব গ্রহণ করেন দুদু মিয়া।

## ১৩. ফকিররা কত সাল থেকে কত সাল পর্যন্ত বাংলার বিভিন্ন স্থানে। বিদ্রোহ করেছিল?

- ক) ১৭৮১ থেকে ১৮৪০ পর্যন্ত
- **খ) ১৭৬০ থেকে ১৮৪০ পর্যন্ত**
- গ) ১৭৫৭ থেকে ১৮৫৭ পর্যন্ত
- ঘ) ১৮১৯ থেকে ১৮৬২ পর্যন্ত



# ১৪. বঙ্গভঙ্গের পরেই ঢাকায় কী নির্মিত হয়?

- ক) সুরম্য অট্টালিকা
- খ) কার্জন হল
- গ) হাইকোর্ট
- **ঘ) সবগুলো**

# ১৫. কে অসহযোগ আন্দোলনে নেতৃত্ব দেন?

- ক) গান্ধীজি　　　　খ) মাওলানা শওকত আলী
- গ) জওহরলাল নেহেরু　　　　ঘ) বিপিনচন্দ্র পাল
- অসহযোগ আন্দোলন মহাত্মা গান্ধী ও ভারতীয় জাতীয় কংগ্রেস পরিচালিত ভারতব্যাপী অহিংস গণ-আইন অমান্য আন্দোলনগুলির মধ্যে সর্বপ্রথম। ১৯২০ সালের সেপ্টেম্বর থেকে ১৯২২ সালের ফেব্রুয়ারি পর্যন্ত চলা এই আন্দোলন ভারতের স্বাধীনতা আন্দোলনের ইতিহাসে "গান্ধী যুগ"-এর সূত্রপাত ঘটায়

# ১৬. 'গ্রান্ড ট্রাঙ্ক রোডের' নির্মাতা-

- ক) বাবর খ) আকবর
- গ) শাহজাহান ঘ) শেরশাহ
- 'গ্রান্ড ট্রাঙ্ক রোড' ষোড়শ শতাব্দীতে সম্রাট শেরশাহ কর্তৃক নির্মিত বাংলার সোনারগাঁও থেকে পাঞ্জাব পর্যন্ত বিস্তৃত সুদীর্ঘ সড়ক।
- রুটটিকে সুরি দ্বারা "সদক-ই-আজম" এবং মুঘলদের দ্বারা "বাদশাহী সড়ক" হিসাবে উল্লেখ করা হত।

# ১৭. উপমহাদেশে প্রথম স্বাধীনতা সংগ্রাম কখন সংঘটিত হয়?

- ক) ১৮৫৭ সালে	খ) ১৭৫৭ সালে
- গ) ১৯৪৭ সালে	ঘ) ১৮৪৭ সালে
- ১৮৫৭ সালের সিপাহী বিদ্রোহ ছিল ভারতবর্ষে ব্রিটিশ শাসনের বিরুদ্ধে প্রথম বৃহৎ ও সংগঠিত সশস্ত্র প্রতিরোধ আন্দোলন। এটি 'সিপাহী বিদ্রোহ', 'মহাবিদ্রোহ', কিংবা 'ভারতের প্রথম স্বাধীনতা যুদ্ধ' নামেও পরিচিত।

# ১৮. ক্রিপস মিশন কোন উদ্দেশ্যে এদেশে আগমন করে?

- ক) অর্থনৈতিক                    খ) রাজনৈতিক
- গ) সামাজিক                    ঘ) সাংস্কৃতিক
- ক্রিপস মিশন হলো ১৯৪২ খ্রিস্টাব্দে ব্রিটিশ সরকার কর্তৃক দ্বিতীয় বিশ্বযুদ্ধে ভারতীয়দের পূর্ণ সহযোগিতা এবং সমর্থন আদায় করার একটি ব্যর্থ প্রচেষ্টা। ব্রিটিশ মন্ত্রিসভার বর্ষীয়ান সদস্য স্যার স্ট্যাফোর্ড ক্রিপস এর নেতৃত্ব দেন। (তাই, রাজনৈতিক)

# ১৯. বাংলার ১৯৪৩ সালের দুর্ভিক্ষের ওপর ছবি এঁকে বিখ্যাত হন কোন শিল্পী?

- ক) শফি উদ্দীন আহমেদ
- খ) কামরুল হাসান
- গ) এস এম সুলতান
- ঘ) জয়নুল আবেদিন
- জয়নুল আবেদিন ১৯৪৩ খ্রিস্টাব্দের দুর্ভিক্ষ চিত্রমালার জন্য বিশেষ খ্যাতি অর্জন করেছেন।



# ২০. বাংলায় চিরস্থায়ী ভূমিব্যবস্থা কে প্রবর্তন করেন?

- ক) কর্নওয়ালিস খ) ক্লাইভ
- গ জন মেয়ার ঘ) ওয়ারেন হেস্টিংস
- ১৭৯৩ সালের ২২ মার্চ লর্ড কর্নওয়ালিস চিরস্থায়ী বন্দোবস্ত বা চিরস্থায়ী ভূমি ব্যবস্থা প্রবর্তন করেন। এটি ছিল এ দেশের গরিব মানুষকে শোষণের একটি কৌশল
- এটি বৃহত্তর একটি আইন সংকলনের অংশ ছিল, যা কর্নওয়ালিস কোড নামে পরিচিত



# ২১. 'চিরস্থায়ী বন্দোবস্ত' কে প্রবর্তন করেন?

- ক) লর্ড রিপন
- খ) লর্ড ডালহৌসী
- গ) লর্ড কর্নওয়ালিস
- ঘ) লর্ড কার্জন

# ২২. তিতুমীর কোথায় বাঁশের কেল্লা নির্মাণ করেন?

- ক) নদীয়ায় খ) চাঁদপুরে
- গ) বারাসতে **ঘ) নারিকেলবাড়িয়ায়**
- তিতুমীর বুঝতে পারেন যে, ইংরেজ সরকারের বিরুদ্ধে যুদ্ধ করতে হলে প্রয়োজন সমর প্রস্তুতি ও উপযুক্ত সেনা - প্রশিক্ষণ। সেনাবাহিনীর আত্মরক্ষার প্রয়োজনে তিনি একটি দুর্গ নির্মানের প্রয়োজনীতা গভীরভাবে অনুভব করেন। সময় এবং অর্থাভাবে তিনি কলকাতার নিকটবর্তী নারিকেলবাড়িয়া নামক স্থানে একটি বাশের কেল্লা বা দুর্গ নির্মান করেন।

# বিসিএস ও অন্যান্য পরীক্ষার প্রশ্নোত্তর

# ০১. 'ভারত ছাড়' আন্দোলন শুরু হয়-

- ক) ১৯১৭ সালে খ) ১৯২৭ সালে
- গ) ১৯৩৭ সালে ঘ) ১৯৪২ সালে
- ভারত ছাড়ো আন্দোলন (ইংরেজি: Quit India Movement) (আগস্ট আন্দোলন) ছিল একটি আইন অমান্য আন্দোলন যেটি ১৯৪২ সালের ৮ আগস্ট থেকে ভারতের স্বাধীনতা আন্দোলনে মহাত্মা গান্ধীর দ্বারা চালিত হয়েছিল।
- সেই সময় দ্বিতীয় বিশ্বযুদ্ধ চলছিল।

## ০২. বঙ্গভঙ্গের কারণে কোন নতুন প্রদেশ সৃষ্টি হয়েছিল?

- ক) পূর্ববঙ্গ ও বিহার
- খ) পূর্ববঙ্গ ও আসাম
- গ) পূর্ববঙ্গ ও উড়িষ্যা
- ঘ) পূর্ববঙ্গ ও পশ্চিমবঙ্গ
- ১৯০৫ সালের ১৬ অক্টোবর ভারতের বড়লাট লর্ড কার্জনের এক ঘোষণার মাধ্যমে 'বঙ্গভঙ্গ' হয়।
- এই পরিকল্পনায় বাংলাদেশের ঢাকা, চট্টগ্রাম, রাজশাহী, আসাম, জলপাইগুড়ি, পার্বত্য ত্রিপুরা এবং মালদহ নিয়ে গঠিত হয় পূর্ব বাংলা ও আসাম নামে নতুন প্রদেশ। প্রদেশের রাজধানী হয় ঢাকা।

# ০৩. বঙ্গভঙ্গ রদ কে ঘোষণা করেন?

- ক) লর্ড কার্জন

**খ) রাজা পঞ্চম জর্জ**

- গ) লর্ড মাউন্ট ব্যাটেন

ঘ) লর্ড ওয়াভেল

- বঙ্গভঙ্গ রদ করার সুপারিশ করেন — লর্ড হার্ডিঞ্জ (১৯১১) সালে।
- ১৯১১ সালে রাজা পঞ্চম জর্জ ভারত সফরে এসে বঙ্গভঙ্গ রদের ঘোষণা দেন।

## ০৪. ঢাকা বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠায় কে অগ্রণী ভূমিকা পালন করেন?

- ক) নওয়াব আব্দুল লতিফ
- খ) স্যার সৈয়দ আহমেদ
- গ) নওয়াব স্যার সলিমুল্লাহ
- ঘ) খাজা নাজিমউদ্দীন

- নবাব বাহাদুর স্যার খাজা সলিমুল্লাহ ঢাকা বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠায় অগ্রণী ভূমিকা পালন করেছিলেন এবং এই উদ্দেশ্যে তাঁর সম্পত্তি থেকে ৬০০ একর জমি দান করেছিলেন।

## ০৫. ভারতবর্ষে ব্রিটিশ শাসনের অবসান হয় কত সালে?

- ক) ১৯৬৭ সালে　　　খ) ১৯৭১ সালে
- গ) ১৯৫২ সালে　　　ঘ) ১৯৪৭ সালে
- ব্রিটিশ ভারত ছিল ব্রিটিশ সাম্রাজ্যের ঔপনিবেশিক শাসন, যা ভারতীয় উপমহাদেশে ১৮৫৮ সাল থেকে ১৯৪৭ সাল পর্যন্ত স্থায়ী ছিল। একে ভারতীয় সাম্রাজ্য বা ব্রিটিশ রাজ নামেও ডাকা হয়।

# ০৬. সম্রাট জাহাঙ্গীরের দরবারে ১ম ইংরেজ দূত কে?

- ক) ক্যাপ্টেন হকিন্স
- খ) এডওয়ার্ডস
- গ) স্যার টমাস রো
- ঘ) উইলিয়াম কেরি

# ০৭. চিরস্থায়ী বন্দোবস্ত প্রথা প্রবর্তন করেন কে?

- ক) কলর্ড বেন্টিঙ্ক
- খ) লর্ড ক্যানিং
- গ) লর্ড ক্লাইভ
- **ঘ) লর্ড কর্নওয়ালিস**

# পাকিস্তান আমল

## ০১. ঐতিহাসিক ছয় দফায় কোন বিষয়টি অন্তর্ভুক্ত ছিল না?

- ক) শাসনতান্ত্রিক কাঠামো
- খ) স্বতন্ত্র মুদ্রা ব্যবস্থা
- গ) কেন্দ্রীয় সরকারের ক্ষমতা
- ঘ) বিচার ব্যবস্থা
- **আপাতত গুরুত্ব কম

**১৯৬৬ সালের ছয় দফা আন্দোলনে যে দাবিসমূহ ছিল তা হলো–**

১। শাসনতান্ত্রিক কাঠামো ও রাষ্ট্রের প্রকৃতি

২। কেন্দ্রীয় সরকারের ক্ষমতা

৩। অর্থ ও মুদ্রা সংক্রান্ত ক্ষমতা

৪। রাজস্ব, কর, বা শুল্ক সংক্রান্ত ক্ষমতা

৫। বৈদেশিক বাণিজ্য সংক্রান্ত ক্ষমতা

৬। আঞ্চলিক বাহিনী গঠন সংক্রান্ত ক্ষমতা

# ০২. ১৯৭০ সালের সাধারণ নির্বাচনে প্রধান নির্বাচন কমিশনার ছিলেন-

- ক) বিচারপতি আবু সাঈদ চৌধুরী খ) বিচারপতি এম এন হুদা
- গ) বিচারপতি এ বি সিদ্দীক ঘ) বিচারপতি আব্দুস সাত্তার
- ৭ ডিসেম্বর, ১৯৭০ সালে অবিভক্ত পাকিস্তানের প্রথম ও শেষ সাধারণ নির্বাচন অনুষ্ঠিত হয়। এ নির্বাচনে প্রধান নির্বাচন কমিশনার ছিলেন বিচারপতি আব্দুস সাত্তার

# ০৩. 'ছয় দফা' ঘোষিত হয় কবে?

- ক) ২২ ফেব্রুয়ারি ১৯৬৯

**খ) ৫ ফেব্রুয়ারি, ১৯৬৬**

- গ) ৩ জানুয়ারি, ১৯৬৮

ঘ) ১৫ ফেব্রুয়ারি, ১৯৬৯

- আর এটি **২৩ মার্চ ১৯৬৬** অনানুষ্ঠানিক ঘোষিত হয়।

# ০৪. ভাষা আন্দোলন পূর্ব বাংলায় কোন ভাবাদর্শ ছড়িয়ে দেয়?

- ক) অসাম্প্রদায়িক মনোভাব　　খ) স্বজাত্যবোধ
- গ) বাঙালি জাতীয়তাবাদ　　ঘ) দ্বিজাতিতত্ত্ব
- বাংলা ভাষার সাংবিধানিক স্বীকৃতির দাবিতে ১৯৪৭ সালে শুরু হয়েছিল ভাষা আন্দোলন । যা চূড়ান্ত পর্যায়ে পৌঁছে ১৯৫২ সালের ২১ ফেব্রুয়ারি। এ আন্দোলন পূর্ব বাংলার বাঙালি জাতীয়তাবাদ ছড়িয়ে দিয়েছিল । যার ভিত্তিতেই একটি নতুন রাষ্ট্রের জন্ম হয় ১৯৭১ সালে।

## ০৫. ১৯৭০ সালের নির্বাচনে জাতীয় পরিষদে তৎকালীন পূর্ব পাকিস্তানের আসন কতটি ছিল?

- ক) ১৬৭  খ) ১৬৯
- গ) ১৬৩  ঘ) ১৬৫
- ১৯৭০ সালের নির্বাচনে সংরক্ষিত মহিলা আসন সহ মোট আসন ছিল ৩১৩ টি। এর মধ্যে পূর্ব পাকিস্তানে আসন ছিল ১৬৯ টি এবং পশ্চিম পাকিস্তানের আসন ছিল ১৪৪ টি।

## ০৬. ১৯৫৪ সালের নির্বাচনে যুক্তফ্রন্ট কতটি আসন লাভ করে?

- ক) ২৮০টি
- খ) ২২৩টি
- গ) ১৭১টি
- ঘ) ২৯৮টি
- ১৯৫৪ সালের মার্চের ৮ থেকে ১২ তারিখ পর্যন্ত অনুষ্ঠিত পূর্ব পাকিস্তান পরিষদের নির্বাচনে ২৩৭ টি মুসলিম (মোট আসন ছিল ৩০৯টি) আসনের মধ্যে যুক্তফ্রন্ট ২২৩টি আসন অর্জন করে।

# ০৭. ১৯৭০ সালের নির্বাচনে আওয়ামী লীগ জাতীয় পরিষদের কতটি আসন পায়?

- **ক) ১৬৭**
  খ) ১৬২
- গ) ২৯৮
  ঘ) ৩০০

## ০৮. পূর্ববঙ্গ জমিদারি দখল ও প্রজাস্বত্ব আইন পাশ হয়-

- ক) ১৯৬১ সালে　　　　খ) ১৯৫২ সালে
- গ) ১৯৫০ সালে　　　　ঘ) ১৯৫১ সালে
- ১৭৯৩ সালে প্রবর্তিত চিরস্থায়ী বন্দোবস্তের মাধ্যমে সৃষ্ট **জমিদারি** প্রথার নিকট থেকে বাংলার কৃষকদের মুক্তির জন্য **পূর্ববঙ্গ জমিদারি** অধিগ্রহণ **ও প্রজাস্বত্ব আইন** পায় ১৯৫০ সালে।

## ০৯. ঐতিহাসিক 'একুশে ফেব্রুয়ারি' বাংলা কত তারিখ ছিল?

- ক) ৩১ পৌষ
- খ) ২৯ মাঘ
- গ) ৯ মাঘ
- ঘ) ৮ ফাল্গুন
- **ফাল্গুন ৮, ১৩৫৮ বঙ্গাব্দ**। দিনটি ছিল বৃহস্পতিবার।
- ৫ই আগস্ট ২০২৪ ছিল **সোমবার**।

# ১০. ছয় দফা উত্থাপিত হয়-

- ক) রাওয়ালপিন্ডিতে খ) করাচিতে
- গ) ঢাকায় ঘ) লাহোরে
- লাহোরে যে বিরোধীদগুলো সম্মেলন করল, সেটা কেন?

১৯৬৫ সালে পাক-ভারত যুদ্ধের পর তাশখন্দ চুক্তি হয়েছিল। তাশখন্দ চুক্তি হচ্ছে ১৯৬৬ সালের ১০ জানুয়ারি উজবেকিস্তানের রাজধানী তাশখন্দে পাকিস্তান ও ভারত এর মধ্যে সম্পাদিত একটি চুক্তি,যা ১৯৬৫ সালের ভারত-পাকিস্তান যুদ্ধের সমাধান করে।

# ১১. আসাদ কবে শহীদ হন?

- ক) ১৯৬৯ সালের ২০ জানুয়ারি   খ) ১৯৬৯ সালের ২১ ফেব্রুয়ারি
- গ) ১৯৬৯ সালের ২২ ফেব্রুয়ারি   ঘ) ১৯৬৯ সালের ২৩ ফেব্রুয়ারি
- আমানুল্লাহ মোহাম্মদ আসাদুজ্জামান (জুন ১০, ১৯৪২ - জানুয়ারি ২০, ১৯৬৯) একজন শহীদ ছাত্রনেতা; তিনি আইয়ুব খানের পতনের দাবীতে মিছিল করার সময় জানুয়ারি ২০, ১৯৬৯ সালে পুলিশের গুলিতে নিহত হন। তবে তিনি সর্বসমক্ষে শহীদ আসাদ নামেই অধিক পরিচিত ব্যক্তিত্ব।

# ১২. পূর্ব বাংলা প্রাদেশিক নির্বাচন কত সালে অনুষ্ঠিত হয়?

- ক) ১৯৫২ সালে খ) ১৯৫৪ সালে
- গ) ১৯৫৬ সালে ঘ) ১৯৫৭ সালে
- পূর্ব বাংলার প্রাদেশিক নির্বাচন ১৯৫৪ সালে অনুষ্ঠিত হয়।
- আওয়ামী লীগ, কৃষক শ্রমিক পার্টি, নিজামী ইসলাম, বামপন্থী গণতন্ত্রী এই চারটি দলের সমন্বয়ে ৪ ডিসেম্বর ১৯৫৩ সালে যুক্তফ্রন্ট গঠন হওয়া যুক্তফ্রন্টের নির্বাচনী মেনিফেস্টো ২১ দফার প্রথম দফা ছিল বাংলাকে পাকিস্তানের অন্যতম রাষ্ট্রভাষা করা।

# ১৩. আগরতলা ষড়যন্ত্র মামলায় কতজনের বিরুদ্ধে রাষ্ট্রদ্রোহিতার অভিযোগ আনা হয়?

- ক) ৩৪ জন
- খ) ৪৪ জন
- গ) ৫৪ জন
- ঘ) ২৪ জন
- আগরতলা ষড়যন্ত্র মামলা দায়ের করা হয় ৩ জানুয়ারি ১৯৬৮ সালে। আগরতলা ষড়যন্ত্র মামলার আসামী ছিল ৩৫ জন।

# ১৪. পূর্ব পাকিস্তানে গণঅভ্যুত্থান কত সালে হয়?

- ক) ১৯৪৮ সালে
- খ) ১৯৫২ সালে
- গ) ১৯৬৯ সালে
- ঘ) ১৯৭১ সালে
- পূর্ব পাকিস্তানে গণঅভ্যুত্থান ১৯৬৯ সালে হয়।
- এক দশকেরও বেশি সময় ধরে ক্ষমতায় থাকা আইয়ুব খান সরকারের পতন ঘটে এই অভ্যুত্থানের মধ্য দিয়ে।

# ১৫. যুক্তফ্রন্টের নির্বাচনী প্রচারণা কত দফার ভিত্তিতে পরিচালিত হয়?

- ক) ১০ দফা খ) ১৬ দফা
- গ) ২১ দফা ঘ) ২৬ দফা
- ২১তম দফা ছিল: যুক্তফ্রন্টের আমলে সৃষ্ট শূন্য আসন তিন মাসের মধ্যে উপনির্বাচনের ব্যবস্থা করা
- ১৭তম দফা ছিল শহীদ মিনার নির্মাণ

# ১৬. আগরতলা ষড়যন্ত্র মামলা কত সালে দায়ের করা হয়?

- ক) ১৯৬৬ সালে খ) ১৯৬৭ সালে
- গ) ১৯৬৮ সালে ঘ) ১৯৭৯ সালে
- ১৯৬৮ সালের প্রথম ভাগে দায়ের করা এই মামলায় অভিযোগ করা হয় যে, শেখ মুজিব ও অন্যান্যরা ভারতের সাথে মিলে পাকিস্তানের অখণ্ডতার বিরুদ্ধে ষড়যন্ত্র করছে।

# ১৭. বাংলাদেশের কোন নেতা কলকাতা করপোরেশনের মেয়র ছিলেন?

ক) মওলানা আবদুল হামিদ খান ভাসানী

খ) শেরে বাংলা এ কে ফজলুল হক

গ) হোসেন শহীদ সোহরাওয়ার্দী

ঘ) এদের কেউই নন

- ১৯২৪ সালে চিত্তরঞ্জন দাশ কলকাতা পৌরসংস্থার প্রথম মেয়র নির্বাচিত হন।
- ১৯৩৫ সালে এ. কে. ফজলুল হক কলকাতা মিউনিসিপ্যাল করপোরেশনের মেয়র নির্বাচিত হন।

# ১৮. পূর্ব বাংলার প্রথম গভর্নর কে ছিলেন?

- ক) এ. কে. ফজলুল হক
- খ) ইস্কান্দার মীর্জা
- গ) চৌধুরী খালেকুজ্জামান
- ঘ) হোসেন শহীদ সোহরাওয়ার্দী
- আসলে ছিলেন, ফ্রেডেরিক চালমার্স বোর্ন (১৯৪৭-৫০)
- খালেকুজ্জামান (৪ এপ্রিল, ১৯৫৩ – ৩০ মে, ১৯৫৪)

# ১৯. ১৯৫২ সালের ২১শে ফেব্রুয়ারি তারিখে তৎকালীন পাকিস্তানের প্রধানমন্ত্রী কে ছিলেন?

ক) নূরুল আমীন

খ) খাজা নাজিমউদ্দীন

গ) মোহাম্মদ আলী

ঘ) লিয়াকত আলী খান

- খাজা নাজিমুদ্দীন (১৯ জুলাই ১৮৯৪ – ২২ অক্টোবর ১৯৬৪) ছিলেন একজন বাঙালি রাজনীতিবিদ। তিনি ঢাকার নবাব পরিবারের সদস্য ছিলেন।
- ১৯৫১ সালে প্রধানমন্ত্রী লিয়াকত আলি খানের মৃত্যুর পর তিনি পাকিস্তানের দ্বিতীয় প্রধানমন্ত্রী হন।

# ২০. ঢাকায় কেন্দ্রীয় শহীদ মিনার কে উন্মোচন করেন?

- ক) শহীদ শফিউর রহমানের বাবা
- খ) শহীদ জব্বারের বাবা
- গ) শহীদ বরকতের মা
- ঘ) শহীদ সালামের বাবা

- প্রথম শহীদ স্মৃতিস্তম্ভ রাজশাহী নামে খ্যাত স্তম্ভটি ১৯৫২ সালের ২১ ফেব্রুয়ারি সন্ধ্যায় রাজশাহী কলেজ মুসলিম হোস্টেলের এফ ব্লকের সামনে ইট-কাদা দিয়ে নির্মাণ করা হয়। এই স্মৃতিস্তম্ভটি ২২ ফেব্রুয়ারি পুলিশ প্রশাসন দ্বারা ভেঙে ফেলা হয়।
- ২৩ ফেব্রুয়ারি রাতে আবার ঢাকা মেডিকেল কলেজের শিক্ষার্থীরা ঢাকাতে প্রথম বারের মত শহীদ মিনার নির্মাণ করেছিলেন। একটি কাগজের উপর 'শহীদ স্মৃতিস্তম্ভ' শব্দদুটি লিখে এতে গেঁথে দেওয়া হয়েছিলো।
- আন্দোলনে নিহত শফিউর রহমানের পিতা এই শহীদ মিনারের উদ্বোধন করেন।

# ২১. পূর্ব বাংলার যুক্তফ্রন্টের মন্ত্রিসভার প্রথম মুখ্যমন্ত্রীর নাম কী?

- ক) এ কে ফজলুল হক
- খ) চৌধুরী খালেকুজ্জামান
- গ) মুহাম্মদ আলী
- ঘ) ইস্কান্দার মির্জা
- এ. কে. ফজলুল হক চার সদস্য বিশিষ্ট মন্ত্রিসভা গঠন করেন। পূর্ণাঙ্গ মন্ত্রী পরিষদ গঠন করা হয় ১৫ মে। মুখ্যমন্ত্রী হিসেবে দায়িত্ব গ্রহণ করেন শেরে বাংলা আবুল কাশেম ফজলুল হক।

# ২২. 'কেন্দ্রীয় শহীদ মিনার'-এর স্থপতি কে?

- ক) হামিদুর রহমান খ) হামিদুজ্জামান
- গ) তানভীর কবির ঘ) রফিকুন্নবী
- চিত্রশিল্পী হামিদুর রহমানকে বর্তমান শহীদ মিনারের কাঠামোর প্রবর্তক বা স্থপতি বলা হয়। মূল পরিকল্পনায় নভেরা আহমেদেরও অবদান ছিল।

# বিসিএস ও অন্যান্য পরীক্ষার প্রশ্নোত্তর

## ০১. ১৯৫৪ সালের নির্বাচনে যুক্তফ্রন্ট কতটি আসনে জয়লাভ করেছিল?

ক) ২১৯ খ) ২২১ **গ) ২২৩** ঘ) ২২৫

- ৯৫৪ সালের মার্চের ৮ থেকে ১২ তারিখ পর্যন্ত অনুষ্ঠিত পূর্ব পাকিস্তান পরিষদের নির্বাচনে ২৩৭ টি মুসলিম (মোট আসন ছিল ৩০৯ টি) আসনের মধ্যে যুক্তফ্রন্ট ২২৩টি আসন অর্জন করে।
- তন্মধ্যে মওলানা ভাসানীর নেতৃত্বাধীন আওয়ামী মুসলিম লীগ ১৪৩ টি, শেরে বাংলা এ. কে. ফজলুল হকের কৃষক শ্রমিক পার্টি ৪৮ টি, নেজামে ইসলাম পার্টি ১৯ টি, গণতন্ত্রী দল ১৩ টি, কমিউনিস্ট পার্টি ৪ টি ও পরে যোগ দেওয়া স্বতন্ত্র ৮ টি।

## ০২. 'সর্বদলীয় রাষ্ট্রভাষা সংগ্রাম কমিটি গঠিত হয়-

ক) ১৯৪৮ সালে

খ) ১৯৫০ সালে

গ) ১৯৫২ সালে

ঘ) ১৯৫৪ সালে

- রাষ্ট্রভাষা সংগ্রাম পরিষদ ১৯৪৭
- সর্বদলীয় রাষ্ট্রভাষা সংগ্রাম পরিষদ ২ মার্চ ১৯৪৮
- সর্বদলীয় কেন্দ্রীয় রাষ্ট্রভাষা সংগ্রাম কমিটি ৩১ জানুয়ারি ১৯৫২

## ০৩. ঐতিহাসিক 'ছয়-দফা' আনুষ্ঠানিকভাবে ঘোষণা করেন-

- ক) ৫ ফেব্রুয়ারি ১৯৬৬
- **খ) ২৩ মার্চ ১৯৬৬**
- গ) ২৬ মার্চ ১৯৬৬
- ঘ) ৩১ মার্চ ১৯৬৬

## ০৪. 'তমদ্দুন মজলিশ' কে প্রতিষ্ঠা করেন?

ক) হাজী শরিয়তউল্লাহ

খ) শেরে বাংলা এ কে ফজলুল হক

গ) আবুল কাশেম

ঘ) মওলানা আবদুল হামিদ খান ভাসানী

- তমদ্দুন মজলিসের প্রতিষ্ঠাতা প্রিন্সিপাল আবুল কাসেম। ভারত বিভাগের পরপরই ১৯৪৭ সালের ১লা বা ২রা সেপ্টেম্বরে ঢাকা বিশ্ববিদ্যালয়ের পদার্থবিজ্ঞান বিভাগের অধ্যাপক আবুল কাসেম ঢাকায় পাকিস্তান তমদ্দুন মজলিস নামে এটি প্রতিষ্ঠা করেন।

## ০৫. ১৯৪৮-১৯৫২ সালের ভাষা আন্দোলনের সময় 'ভাষা দিবস' হিসেবে কোন দিনটি পালন করা হতো?

ক) ২৫ জানুয়ারি

খ) ১১ ফেব্রুয়ারি

গ) ১১ মার্চ

ঘ) ২৫ এপ্রিল

- ১৯৪৮ সালের ১১ মার্চ রাষ্ট্রভাষা বাংলা চাই দাবিতে পূর্ব বাংলায় সর্বাত্মক সাধারণ ধর্মঘট পালিত হয়। এটাই ছিল ভাষা আন্দোলনের ইতিহাস তথা পাকিস্তান প্রতিষ্ঠার পর এ দেশের প্রথম সফল হরতাল।
- ১৯৫২ সালের একুশে ফেব্রুয়ারির পূর্ব পর্যন্ত ১১ মার্চ রাষ্ট্রভাষা দিবস হিসেবে পালিত হয়ে আসছিল।

## ০৬. নিচের কোনটি মুক্তিযুদ্ধভিত্তিক স্বল্পদৈর্ঘ্য চলচ্চিত্র?

- ক) ধীরে বহে মেঘনা খ) কলমিলতা
- গ) আবার তোরা মানুষ হ **ঘ) হুলিয়া**

## ০৭. ভাষা আন্দোলনের সময় পাকিস্তানের প্রধানমন্ত্রী কে ছিলেন?

- **ক) খাজা নাজিমউদ্দীন** খ) নুরুল আমিন
- গ) লিয়াকত আলী খান ঘ) মোহাম্মদ আলী জিন্নাহ

# ০৮. কাগমারী সম্মেলন অনুষ্ঠিত হয়-

- ক) রোজ গার্ডেনে　　　　খ) সিরাজগঞ্জে
- **গ) সন্তোষে**　　　　ঘ) সুনামগঞ্জে
- কাগমারি সাংস্কৃতিক সম্মেলন ১৯৫৭ সালে অনুষ্ঠিত একটি বিশেষ তাৎপর্যবাহী জাতীয় সম্মেলন যা পরবর্তীতে পাকিস্তানের বিভক্তি এবং স্বাধীন বাংলাদেশের অভ্যুদয়ে বিশেষ ইঙ্গিতবহ ভূমিকা রেখেছিল। ১৯৫৭ সালের ৬ই ফেব্রুয়ারি থেকে ১০ই ফেব্রুয়ারি পর্যন্ত টাঙ্গাইল জেলার কাগমারী নামক স্থানে এই সম্মেলন অনুষ্ঠিত হয়।

## ০৯. বাংলাদেশকে স্বীকৃতিদানকারী প্রথম অনারব মুসলিম দেশ কোনটি?

- ক) ইন্দোনেশিয়া
- খ) মালয়েশিয়া
- গ) মালদ্বীপ
- **ঘ) সেনেগাল**

## ১০. বাংলাদেশের মুক্তিযুদ্ধের পটভূমিকায় নির্মিত 'ধীরে বহে মেঘনা' চলচ্চিত্রের নির্মাতা কে?

- **ক) আলমগীর কবির**
- খ) খান আতাউর রহমান
- গ) হুমায়ূন আহমেদ
- ঘ) সুভাষ দত্ত

# ১১. বাংলাদেশকে স্বীকৃতি প্রদানকারী প্রথম ইউরোপীয় দেশ কোনটি?

- ক) যুক্তরাজ্য **খ) পূর্ব জার্মানি**
- গ) স্পেন ঘ) গ্রিস

# ১২. দ্য ব্লাড টেলিগ্রাম (The Blood Telegram) গ্রন্থটির লেখক-

- ক) রিচার্ড সেশন
- খ) মার্কাস ফ্রান্ডা
- **গ) গ্যারি জে ব্যাস**
- ঘ) পল ওয়ালেস

## ১৩. স্বাধীনতা যুদ্ধে অবদানের জন্য 'বীরপ্রতীক' উপাধি লাভ করে কতজন?

- ক) ৭ জন খ) ৬৮ জন গ) ১৭৫ জন **ঘ) ৪২৬ জন**

## ১৪. কোন আরব দেশ সর্বপ্রথম বাংলাদেশকে স্বীকৃতি প্রদান করে?

- **ক) ইরাক** খ) মিসর গ) কুয়েত ঘ) জর্ডান

# ১৫. সব কটা জানালা খুলে দাও না'-এর গীতিকার কে?

- ক) মরহুম আলতাফ মাহমুদ
- **খ) মরহুম নজরুল ইসলাম বাবু**
- গ) ড. মনিরুজ্জামান
- ঘ) মরহুম ড. আবু হেনা মোস্তফা কামাল

# ১৬. লাহোর প্রস্তাব কখন করা হয়?

- ক) ১৯৪০ সাল, ২২ মার্চ

**খ) ১৯৪০ সাল, ২৩ মার্চ**

- গ) ১৯৪১ সাল, ২২ মার্চ

ঘ) ১৯৪১ সাল, ২৩ মার্চ

# ১৭. ভাষা আন্দোলনভিত্তিক নাটক কোনটি?

- ক) নূরলদীনের সারাজীবন

খ) ক্রীতদাসের হাসি

- গ) ওরা কদম আলী

**ঘ) কবর**

# ১৮. আন্তর্জাতিক মাতৃভাষা দিবস কোনটি?

- ক) ০৮ মার্চ
- খ) ১৬ ডিসেম্বর
- **গ) ২১ ফেব্রুয়ারি**
- ঘ) ২১ আগস্ট

## ১৯. ১৯৭০ সালের প্রাদেশিক পরিষদে আওয়ামী লীগ কতটি আসনে জয়ী হয়?

- ক) ১৬৭ **খ) ২৯৮** গ) ৩১০ ঘ) ৩১৩

## ২০. 'বাংলা'কে রাষ্ট্রভাষা করার দাবিতে প্রথম কোন সংগঠনটি প্রতিষ্ঠিত হয়?

- ক) একাডেমি সংঘ
- খ) ভাষা আন্দোলন মঞ্চ
- **গ) তমদ্দুন মজলিশ**
- ঘ) বাংলা ভাষা আন্দোলন কেন্দ্র

# ২১. বীরশ্রেষ্ঠ মহিউদ্দীন জাহাঙ্গীর কোন বাহিনীর সদস্য ছিলেন?

- ক) পুলিশ খ) ইপিআর
- **গ) সেনাবাহিনী** ঘ) বিমান বাহিনী

# ২২. একমাত্র খেতাবপ্রাপ্ত উপজাতি মুক্তিযোদ্ধার নাম কী?

- **ক) ইউ কে চিং** খ) মায়েম চ্যাং গ) লুই পা ঘ) উয়েন মারম